

DR. SAYAN CHATTERJEE



ডায়াবেটিস এর সম্পর্কে জানুন

ডায়াবেটিস কি ?

আমরা যেসব খাদ্য গ্রহণ করি তার শর্করা জাতীয় অংশ পরিপাকের পর সিংহভাগ গ্লুকোজ হিসেবে রক্তে প্রবেশ করে। আর দেহ কোষগুলি প্রয়োজনীয় শক্তি উৎপাদনের জন্যে রক্ত থেকে গ্লুকোজ গ্রহণ করে। অধিকাংশ দেহকোষই এই গ্লুকোজ গ্রহণের জন্যে ইনসুলিন নামক এক প্রকার হরমনের উপর নির্ভরশীল। ডায়াবেটিস হল ইনসুলিনের সমস্যাজনিত রোগ। ইনসুলিন কম বা অকার্যকর হলে দেহের অধিকাংশ কোষে গ্লুকোজের অভাব ও রক্তে গ্লুকোজের পরিমাণ বেড়ে যায়। এই সামগ্রিক অবস্থাই হচ্ছে ডায়াবেটিস মেলিটাস।

রক্তে গ্লুকোজ বাড়ে কেন ?

অগ্ল্যাশয় নামক একটি গ্রন্থি থেকে ইনসুলিন নামক একটি হরমোন নিঃসৃত হয়। এই ইনসুলিন কোন কারণে কম বা অকার্যকর হলে রক্তে গ্লুকোজের পরিমাণ বেড়ে যায় এবং অতিরিক্ত গ্লুকোজ প্রস্রাবের সাথে বেরিয়ে আসে। একজন স্বাভাবিক মানুষের সাথে ডায়াবেটিক রোগীর তুলনা চিত্র দিয়ে বোঝানো যেতে পারে :

স্বাভাবিক মানুষ

অগ্ল্যাশয়
↓
ইনসুলিন আছে
↓
গ্লুকোজ কাজে লাগছে
↓
শক্তি উৎপাদন হচ্ছে
↓
সুস্থ

ডায়াবেটিক রোগী

অগ্ল্যাশয়
↓
ইনসুলিন নেই, অল্প আছে বা কার্যকারিতা হ্রাস পেয়েছে
↓
গ্লুকোজ কাজে লাগছে না
↓
রক্তে গ্লুকোজ বেড়ে যাচ্ছে ও যথেষ্ট শক্তি উৎপাদন হচ্ছে না
↓
ডায়াবেটিস হয়েছে

সাধারণত ডায়াবেটিস রোগের জন্য বংশগত ও পরিবেশের প্রভাব দুটোই দায়ী। ডায়াবেটিস ছোঁয়াচে বা সংক্রামক নয়।

ডায়াবেটিস রোগের লক্ষণ কি কি ?

- ঘন ঘন প্রস্রাব হওয়া
- খুব বেশি পিপাসা লাগা
- বেশি খিদে পাওয়া
- যথেষ্ট খাওয়া সত্ত্বেও ওজন কমে যাওয়া
- ক্লান্তি ও দুর্বলতা বোধ করা
- ক্ষত শুকাতে বিলম্ব হওয়া
- চোখে কম দেখা
- খোশ পাঁচড়া, ফোঁড়া প্রভৃতি চর্মরোগ দেখা দেওয়া

